রেজিস্টার্ড নং ডি এ-১

২০২৬ সনের ৩৮ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বৃহস্পতিবার, সেপ্টেম্বর ১৭, ২০২৬**

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৮১১—৮২৬ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলি ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১১০৯—১১৫১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধঃস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১১২১—১১৯১ |
| ৭ম খণ্ড—অন্য কোনো খণ্ডে অপ্রকাশিত অধঃস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারি ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | নাই |
| ক্রোড়পত্র—সংখ্যা | নাই |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারি। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ........................... তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**
**নির্বাচন কমিশন সচিবালয়**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ ভাদ্র ১৪৩৩/২৩ আগস্ট ২০২৬

নং ১৭.০০.০০০০.০৮৩.২৭.০২৭.২০-৬৫৪—যেহেতু, জনাব মোঃ ছামিউল আলম, উপজেলা নির্বাচন অফিসার, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা (প্রাক্তন কার্যালয় : কুমারখালী, কুষ্টিয়া) এর বিরুদ্ধে ২০১৮ সালে কুষ্টিয়ার কুমারখালী উপজেলাতে ভোটার নিবন্ধন কার্যে রেজিস্ট্রেশন অফিসার হিসেবে দায়িত্ব পালনকালে অন্যের নাম ধারণপূর্বক জালিয়াতির মাধ্যমে তিন ব্যক্তির ভোটার নিবন্ধন আবেদন যাচাই-বাচাই ছাড়াই বেআইনিভাবে অনুমোদন এবং ০৫টি এনআইডির সার্ভার কপিতে বেআইনিভাবে স্বাক্ষর প্রদান করেন মর্মে অভিযোগ উত্থাপিত হয়; প্রাথমিক তদন্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে বিভাগীয় মামলা নম্বর-০৪/২০২১ রুজু করে তাকে ২৬-০১-২০২১ তারিখের ১৭.০০.০০০০.০৮৩.২৭.০২৭.২০-২৩ নম্বর স্মারকের মাধ্যমে কারণ দর্শানো হয়। তিনি কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির অভিপ্রায় ব্যক্ত করেন;

যেহেতু, একই অভিযোগে তার বিরুদ্ধে জাতীয় পরিচয় নিবন্ধন আইন, ২০১০, ভোটার তালিকা আইন, ২০০৯, ডিজিটাল নিরাপত্তা আইন, ২০১৮ ও The Penal Code, 1860 অনুযায়ী সিনিয়র জেলা নির্বাচন অফিসার, কুষ্টিয়া কর্তৃক কুষ্টিয়া, কুমারখালী থানায় ০৪-০৩-২০২১ তারিখে মামলা নম্বর-০৪ রুজু করা হয়। বিগত ১৪-০৩-২০২১ তারিখের ১৭.০০.০০০০.০৮৩.২৭.০২৭.২০-৭১ নম্বর প্রজ্ঞাপন মূলে তাকে সরকারি চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

যেহেতু, বিগত ০৮-০২-২০২২ তারিখে অভিযুক্তের ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়; ব্যক্তিগত শুনানিতে ও কারণ দর্শানোর জবাবে তিনি অভিযোগ অস্বীকার করলেও অভিযোগ ও প্রাথমিক তদন্ত প্রতিবেদন সার্বিক বিবেচনায় 'অসদাচরণ' এর দায় প্রতীয়মান হওয়ায় তাকে দোষী সাব্যস্ত করে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ঘ) অনুযায়ী তার বেতন ০৩ (তিন) বছরের জন্য "বেতন গ্রেডের নিম্নতর ধাপ" ৩৫,৫০০/- (পঁয়ত্রিশ হাজার পাঁচশত) টাকায় অবনমিত করে এবং সাময়িক বরখাস্ত আদেশ প্রত্যাহার করে বিগত ১৩-০৪-২০২২ তারিখের ১৭.০০.০০০০.০৮৩.২৭.০২৫.২০-১৫৮ নম্বর স্মারক মূলে দণ্ডাদেশ জারি করা হয়;

যেহেতু, তিনি দণ্ডাদেশের বিরুদ্ধে মহামান্য রাষ্ট্রপতি বরাবর আপিল আবেদন করলে মহামান্য রাষ্ট্রপতি আবেদন না-মঞ্জুর করেন;

যেহেতু, তিনি আরোপিত দণ্ডাদেশের বিরুদ্ধে সিনিয়র সচিব, নির্বাচন কমিশন সচিবালয়-কে প্রতিপক্ষ করে প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় মামলা নম্বর-৬০৬/২০২২ দায়ের করলে বিগত ০২-০৭-২০২৬ তারিখে উক্ত মামলায় আদেশ হয় যে, "that the Administrative Tribunal Case No. 606 is allowed on esparto without any order as to costs.

The office Order Memo No. 17.00.0000.083.27. 027.20-158 dated 13.04.2022 imposing the penalty of reduction to a lower stage in the time scale for three years upon the petitioner and appellate order dated 29-11-2022 are hereby declared to have been passed without lawful authority and are set aside.

The opposite parties are declared to restore the petitioner to the position which he would have occupied have the impugned penalty not been imposed and to extend all consequential service benefits, including restoration of pay fixation, seniority and other benefits in accordance with law".

যেহেতু, বিভাগীয় মামলা নম্বর-০৪/২০২১ এর দণ্ডাদেশ বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল কর্তৃক বাতিল করা হয়; উক্ত মামলায় জনাব মোঃ ছামিউল আলম-এর অনুকূলে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা কর্তৃক প্রদত্ত আদেশ প্রতিপালনের জন্য আইন অনুবিভাগ মতামত প্রদান করেছে;

যেহেতু, বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনাল আদেশ ও আইন অনুবিভাগের মতামতের পরিপ্রেক্ষিতে জনাব মোঃ ছামিউল আলম, উপজেলা নির্বাচন অফিসার, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা (প্রাক্তন কার্যালয় : কুমারখালী, কুষ্টিয়া)-কে বিভাগীয় মামলা নম্বর-০৪/২০২১ এ আনীত 'অসদাচরণ' এর অভিযোগে প্রদত্ত লঘুদণ্ডের দায় হতে অব্যাহতি প্রদান করা হলো। তিনি বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনালের আদেশ ও বিধি মোতাবেক বকেয়াসহ বেতন-ভাতাদি প্রাপ্য হবেন।

এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**আখতার আহমেদ**
সিনিয়র সচিব।

---

**অর্থ মন্ত্রণালয়**
**আর্থিক প্রতিষ্ঠান বিভাগ**
**ক্ষুদ্রঋণ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ ভাদ্র ১৪৩৩/২৫ আগস্ট ২০২৬

নং **৫৩.০০.০০০০.০০০.৪১২.১১.০০০৫.২৪.২৮০**—বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বিএনএফ) এর আর্টিকেলস অব এসোসিয়েশনের এর অনুচ্ছেদ ৫.২(i) ও ৮.৩(i) মোতাবেক খোন্দকার মোঃ মোরতাজুল করিম (বাদল)-কে বিএনএফ-এর সাধারণ পরিষদ এবং পরিচালনা পরিষদের চেয়ারম্যান হিসেবে নিয়োগের তারিখ হতে পরবর্তী ০২ (দুই) বছরের জন্য নিয়োগ প্রদান করা হলো।

২। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ অতুল মন্ডল**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ: ১০ ভাদ্র ১৪৩৩/২৫ আগস্ট ২০২৬

বিষয় : **বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বিএনএফ) এর চেয়ারম্যান পদ হতে অব্যাহতি।**

নং **৫৩.০০.০০০০.০০০.৪১২.১১.০০০৫.২৪.২৮২**—বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বিএনএফ) এর চেয়ারম্যান জনাব ইকবাল উদ্দীন আহমেদ চৌধুরী এর দাখিলকৃত পদত্যাগপত্র সরকার কর্তৃক গৃহীত হয়েছে। এ প্রেক্ষিতে বাংলাদেশ এনজিও ফাউন্ডেশন (বিএনএফ) এর চেয়ারম্যান পদ হতে তাঁকে অব্যাহতি প্রদান করা হলো।

২। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**মোহাম্মদ অতুল মন্ডল**
উপসচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৫ ভাদ্র ১৪৩৩/২০ আগস্ট ২০২৬

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০৭৬.২৪.১৯৮**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৮৭৫ (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নম্বর আইন)-এর ধারা ১৪৪ এর (১) নম্বর উপধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নিম্নবর্ণিত মৌজার ডিজিটাল পদ্ধতিতে নতুন জরিপ আরম্ভকরণের প্রশাসনিক অনুমোদনের অনুমোদন জ্ঞাপন করা হলো :

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল নম্বর | উপজেলার নাম | জেলার নাম | এরিয়া (একর) |
|---|---|---|---|---|---|
| ০১ | পাইকরদিয়া | ১১১ | গোয়ালন্দ | রাজবাড়ী | ১৮০ |
| ০২ | কণ্ঠদিয়া | ১১২ | গোয়ালন্দ | রাজবাড়ী | ১৭৫ |

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০০৮.২৩.১৯৯**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ত্ব আইন, ১৮৭৫ (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং প্রজাস্বত্ত্ব বিধিমালা, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নম্বর আইন)-এর ধারা ১৪৪ এর (১) নম্বর উপধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নিম্নবর্ণিত মৌজার ডিজিটাল পদ্ধতিতে নতুন জরিপ আরম্ভকরণের প্রশাসনিক অনুমোদনের অনুমোদন জ্ঞাপন করা হলো :

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল নম্বর | উপজেলার নাম | জেলার নাম | এরিয়া (একর) |
|---|---|---|---|---|---|
| ০১ | দুর্গাপুর | ২৩ | কুমিল্লা সদর | কুমিল্লা | ৪০৫.০৩ |
| ০২ | পশ্চিম নোওয়াপাড়া | ২৯ | কুমিল্লা সদর | কুমিল্লা | ৭১.৮৫ |
| ০৩ | রাজাপুর | ৩১ | কুমিল্লা সদর | কুমিল্লা | ৪০.৪০ |
| ০৪ | জাঙ্গালিয়া | ১০২ | কুমিল্লা সদর | কুমিল্লা | ১১৪.৯৪ |
| ০৫ | কাজিপাড়া | ১৪৫ | কুমিল্লা সদর | কুমিল্লা | ২০৯.২২ |
| ০৬ | আশ্রাফপুর | ১৪৮ | কুমিল্লা সদর | কুমিল্লা | ২৫১.১৮ |
| ০৭ | বজ্রপুর | ১৫৭ | কুমিল্লা সদর | কুমিল্লা | ২৬১.৮৮ |
| ০৮ | রাজাপাড়া | ২৩৬ | কুমিল্লা সদর | কুমিল্লা | ৩৪৭.৩৯ |
| ০৯ | হেমজড়া | ২৬৫ | কুমিল্লা সদর | কুমিল্লা | ২১৯.৯২ |
| ১০ | মনিপুর | ৩৩৩ | কুমিল্লা সদর | কুমিল্লা | ৬২.১৩ |
| ১১ | গিলাতলী | ৩৩৪ | কুমিল্লা সদর | কুমিল্লা | ৬৭.০৫ |
| ১২ | মধ্য কৃষ্ণপুর | ৩৩৫ | কুমিল্লা সদর | কুমিল্লা | ৫৮.০৭ |
| ১৩ | কুন্দের গোরা | ৩৩৬ | কুমিল্লা সদর | কুমিল্লা | ৭৯.২৩ |
| ১৪ | বলরামপুর | ৩৩৯ | কুমিল্লা সদর | কুমিল্লা | ৫৫.৬৭ |
| ১৫ | রাজাপুর | ৩৪৮ | কুমিল্লা সদর | কুমিল্লা | ১৮০.৫৬ |
| ১৬ | রামধনপুর | ৩৫৬ | কুমিল্লা সদর | কুমিল্লা | ১০২.৫৯ |
| ১৭ | গোয়ালগাঁও | ৩৯০ | কুমিল্লা সদর | কুমিল্লা | ৩৭১.৮২ |
| ১৮ | লালবাগ | ৩৯৭ | কুমিল্লা সদর | কুমিল্লা | ২৬৬.৭০ |
| ১৯ | রাজশপুর | ৪০২ | কুমিল্লা সদর | কুমিল্লা | ২১৭.৪৪ |
| ২০ | জয়মঙ্গলপুর | ২৩ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | ৮৪৭.৫৭ |
| ২১ | সামুকসার | ৩৪ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | ১৩৫.৮৫ |
| ২২ | ব্রক্ষ্মপুর | ৪২ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | ৩৬৯.২৯ |
| ২৩ | চান্দুল | ৪৪ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | ১১১.১৯ |
| ২৪ | কুমারডোগা | ৪৫ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | ২৫৬.৮১ |
| ২৫ | কৃষ্ণপুর | ৪৬ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | ২৭৮.০৩ |
| ২৬ | বেলঘর | ৫৮ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | ১৬১.১০ |
| ২৭ | আশ্রবপুর | ৫৯ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | ১৫৮.৩৮ |
| ২৮ | লালঘর | ৮৮ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | ৪৭৬.৭৯ |
| ২৯ | বাটরা | ১১২ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | ১০৯.৮৭ |
| ৩০ | কাছিয়া পুষ্করনী | ১৪৯ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | ১৩৩.৪৪ |
| ৩১ | কমলপুর | ১৯৯ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | ৩৯.৫০ |
| ৩২ | বিজয়করা | ৩৬৫ | চৌদ্দগ্রাম | কুমিল্লা | ৩৩৫.২৪ |
| ৩৩ | শিঙ্গাঁচৌ | ১৬ | বরুড়া | কুমিল্লা | ১৮৬.৪৩ |

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে. এল নম্বর | উপজেলার নাম | জেলার নাম | এরিয়া (একর) |
|---|---|---|---|---|---|
| ৩৪ | ছোট হরিপুর | ২২ | বরুড়া | কুমিল্লা | ২৪.৫০ |
| ৩৫ | উত্তর শালুকিয়া | ২৩ | বরুড়া | কুমিল্লা | ১৭.২৫ |
| ৩৬ | জলম | ১৫১ | বরুড়া | কুমিল্লা | ১১৮৬.০০ |
| ৩৭ | বাইয়ারা | ১৩৮ | নাঙ্গালকোট | কুমিল্লা | ৫৫৯.২৬ |
| ৩৮ | পাইকোট | ১৬৯ | নাঙ্গালকোট | কুমিল্লা | ৪২৯.৩৬ |
| ৩৯ | দেওভান্ডার | ১৭০ | নাঙ্গালকোট | কুমিল্লা | ২৯৩.৮৮ |
| ৪০ | উত্তর পদুয়া | ১৫ | চান্দিনা | কুমিল্লা | ৯১.২৭ |
| ৪১ | মণিপুর | ২২ | চান্দিনা | কুমিল্লা | ৪৩.৯৯ |
| ৪২ | চাদসার | ৭৮ | চান্দিনা | কুমিল্লা | ২৬৬.৩৩ |
| ৪৩ | কেদারপুর | ২৭ | বুড়িচং | কুমিল্লা | ৭১৮.৮১ |
| ৪৪ | পশ্চিম মনিপুর | ২৮ | বুড়িচং | কুমিল্লা | ২২৮.৮৪ |
| ৪৫ | ভড়াসার | ৭৬ | বুড়িচং | কুমিল্লা | ১২৩.৫৮ |
| ৪৬ | পয়াত | ৭৮ | বুড়িচং | কুমিল্লা | ৫৪২.৩৪ |
| ৪৭ | বারেশ্বর | ১১১ | বুড়িচং | কুমিল্লা | ৮৪৮.৮৭ |
| ৪৮ | পাইকোটা | ১২০ | বুড়িচং | কুমিল্লা | ১০৩.৩২ |
| ৪৯ | উত্তর নিশ্চিন্ত পুর | ৬৪ | লাকসাম | কুমিল্লা | ১০৩.৫০ |
| ৫০ | পরতী | ৯০ | লাকসাম | কুমিল্লা | ৪৬৯.৪১ |
| ৫১ | প্রেম নল | ১৮৫ | লাকসাম | কুমিল্লা | ২৪৪.৮২ |
| ৫২ | কৈয়রা | ১৮৬ | লাকসাম | কুমিল্লা | ১৮৩.১৫ |
| ৫৩ | মুদাফরগঞ্জ | ২২০ | লাকসাম | কুমিল্লা | ৯২১.৬২ |
| ৫৪ | বাসুতারা | ৩২ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া | ২৩০.৬৬ |
| ৫৫ | মোহনপুর | ৩৮ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া | ১৭৪.৫৪ |
| ৫৬ | জঞ্জালীসার | ৪৫ | ব্রাহ্মণবাড়িয়া সদর | ব্রাহ্মণবাড়িয়া | ৭৯.৩৪ |
| ৫৭ | রজ্ঞোরগাঁও | ২৯ | চাঁদপুর সদর | চাঁদপুর | ১৩৯.৪৮ |
| ৫৮ | ভরঙ্গারচর | ৬০ | চাঁদপুর সদর | চাঁদপুর | ১৪১.৫০ |
| ৫৯ | চাঁদপুর মিউনিসিপালিটী | ৯৩ | চাঁদপুর সদর | চাঁদপুর | ১৪১৭.০২ |
| ৬০ | বারৈয়ারা | ০১ | কচুয়া | চাঁদপুর | ৫৫৪.০০ |
| ৬১ | জোয়ারীখোলা | ০২ | কচুয়া | চাঁদপুর | ২৭৫.০০ |
| ৬২ | চিনইয়া আরাজী | ০৬ | কচুয়া | চাঁদপুর | ৬৪.০০ |
| ৬৩ | দরি গোবিন্দপুর | ১৪১ | কচুয়া | চাঁদপুর | ৩৮৩.০০ |
| ৬৪ | গুলইপুরা | ০১ | শাহরাস্তি | চাঁদপুর | ১১০.০০ |
| ৬৫ | বোস্তা | ২৭ | শাহরাস্তি | চাঁদপুর | ৮৫.০০ |
| ৬৬ | দৌলবাড়ী | ৩০ | শাহরাস্তি | চাঁদপুর | ৯৭.০০ |
| ৬৭ | নৈরাইন | ০২ | হাজীগঞ্জ | চাঁদপুর | ৬৬.০০ |
| ৬৮ | দেওদ্রোন | ১৫ | হাজীগঞ্জ | চাঁদপুর | ২২৩.০০ |
| ৬৯ | চরপাড়া | ১৬ | হাজীগঞ্জ | চাঁদপুর | ২৯.০০ |
| ৭০ | উত্তর রাজাপুর | ০৯ | ফরিদগঞ্জ | চাঁদপুর | ৮৪.৪১ |
| ৭১ | পালতালুক | ১৯ | ফরিদগঞ্জ | চাঁদপুর | ৪৯.৬৮ |
| ৭২ | কুতুবপুর | ১৪৪ | ফরিদগঞ্জ | চাঁদপুর | ৪১.৭৫ |

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০১০.২৩.২০০**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নং আইন) এর ১৪৪(৭) ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫৫ এর ৩৪(২) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হলো:

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে এল নম্বর | খতিয়ান সংখ্যা | শিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | পশ্চিম সাতলা | ০২ | ১৫১১ | ০৪ | উজিরপুর | বরিশাল |
| ২ | বরতা | ৮২ | ৪২০ | ০২ | উজিরপুর | বরিশাল |
| ৩ | রাখালতলা | ৮৮ | ২৫৮ | ০১ | উজিরপুর | বরিশাল |
| ৪ | দক্ষিণ কমলাপুর | ৯৪ | ২০৪ | ০২ | উজিরপুর | বরিশাল |
| ৫ | খাও ক্ষির | ১৮ | ৮৯১ | ০১ | নলছিটি | ঝালকাঠী |
| ৬ | বৈচন্ডী | ৩৪ | ৭১৫ | ০২ | নলছিটি | ঝালকাঠী |
| ৭ | সুবিদপুর | ৯১ | ১৪৫৪ | ০২ | নলছিটি | ঝালকাঠী |
| ৮ | ইছাপাশা | ৯৪ | ৫৪৮ | ০২ | নলছিটি | ঝালকাঠী |
| ৯ | খিরা কাটী | ১১২ | ৩৫৮ | ০১ | নলছিটি | ঝালকাঠী |
| ১০ | চাতলা | ৩৯ | ২৬৭২ | ০৪ | লালমোহন | ভোলা |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইব্রাহীম মিয়াজী**
সহকারী সচিব।

---

**জাতীয় রাজস্ব বোর্ড**
**[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/১৯ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৪৪/২০২৬/কাস্টমস/৪৮৫**।—কাস্টমস আইন, ২০২৩-এর ধারা ১২-এর উপ-ধারা (২)-এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চট্টগ্রাম সমুদ্রবন্দরে অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড [বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স নং-৫(১৩) কাবক/চট্টঃ/বন্ড (শীপ স্টোরস)/লাইঃ/১৮/২০১৮, তারিখ: ০২-১২-২০১৮ খ্রি.] নামীয় Ship Stores & Crew Bonded Warehouse (Duty Free Shop) প্রতিষ্ঠানের অনুকূলে ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো :

| ক্র. নং | পণ্যের বিবরণ | ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১ | Ships Store Items | ১,৩৫,০০০.০০ |
| ২ | Cigarettes & Tobacco | ১,৯৬,০০০.০০ |
| ৩ | Alcoholic Beverage (Liquor, Beer, Wine) | ৬০,০০০.০০ |
| ৪ | Cosmetic and Toiletries | ৫,০০০.০০ |
| ৫ | Beverage (Non-alcoholic), Confectionery, Electronics, Gift Item | ৫,০০০.০০ |
| | **সর্বমোট** | **৪,০১,০০০.০০ (চার লক্ষ এক হাজার) মার্কিন ডলার** |

নং **৪৫/২০২৬/কাস্টমস/৪৮৬**।—কাস্টমস আইন, ২০২৩-এর ধারা ১২-এর উপ-ধারা (২)-এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমানবন্দর, চট্টগ্রাম-এ অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড [বন্ড লাইসেন্স নং-৫(১৩) কাবক/চট্টঃ/বন্ড (শুল্কমুক্ত বিপনি)/লাইঃ/০২/২০১৯, তারিখ: ১৩-০২-২০১৯ খ্রি.] নামীয় শুল্কমুক্ত বিপনি (Duty Free Shop) এর অনুকূলে ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো :

| ক্র. নং | পণ্যের বিবরণ | ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১ | Cigarettes & Tobacco | ১,৪৫,০০০.০০ |
| ২ | Alcoholic Beverage (Liquor, Beer, Wine) | ৪৭,০০০.০০ |
| ৩ | Cosmetic and Toiletries | ৫,০০০.০০ |
| ৪ | Beverage (Non-alcoholic), Confectionery, Electronics, Gift Item | ৫,০০০.০০ |
| | **সর্বমোট** | **২,০২,০০০.০০ (দুই লক্ষ দুই হাজার) মার্কিন ডলার** |

তারিখ: ০৫ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/২০ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

নং **৪৬/২০২৬/কাস্টমস/৪৯৩**।—কাস্টমস আইন, ২০২৩-এর ধারা ১২-এর উপ-ধারা (২)-এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক চট্টগ্রাম সমুদ্রবন্দরে অবস্থিত মেসার্স সীওয়েজ বন্ডেড ওয়্যারহাউস লিমিটেড [বন্ডেড ওয়্যারহাউস লাইসেন্স নং-এস ৮-৪৯/৮৯ (HB301SB04987), তারিখ: ২৬-০৮-১৯৮৯ খ্রি.] নামীয় Ship Stores & Crew Bonded Warehouse (Duty Free Shop) প্রতিষ্ঠানের অনুকূলে ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করা হলো :

| ক্র. নং | পণ্যের বিবরণ | ২০২৬-২০২৭ অর্থবছরের জন্য বার্ষিক আমদানি প্রাপ্যতা (মার্কিন ডলার) |
|---|---|---|
| ১ | প্রভিশন ও ফুড, বন্ডের ষ্টোর (Provision & Food, Bonded Stores) | ০ |
| ২ | এ্যালকোহলিক বেভারেজ (ওয়াইন, ভোদকা, হুইস্কি এবং বিয়ার) | ৫৫,০০০.০০ |
| ৩ | Consignment-ভিত্তিক পণ্য: (লুব্রিকেন্টস, লুব্রিকেটিং অয়েল, পেইন্ট, থিনার) | ৭,৯২,০০০.০০ |
| | **সর্বমোট** | **৮,৪৭,০০০.০০ (আট লক্ষ সাতচল্লিশ হাজার) মার্কিন ডলার** |

নং **৪৭/২০২৬/কাস্টমস/৪৯৫**।—কাস্টমস আইন, ২০২৩-এর ধারা-১০ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থে রংপুর জেলার বদরগঞ্জ উপজেলার ৬ নং রাধানগর ইউনিয়নের পাঠানপাড়া মৌজার অন্তর্গত নিম্নবর্ণিত তফসিলভুক্ত এলাকাকে এতদ্বারা কাস্টমস ওয়্যারহাউসিং স্টেশন হিসেবে ঘোষণা করছে, যথা :

| ক্র. নং | মৌজা | জে. এল. নং | খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১ | পাঠানপাড়া | ১৩ | এস. এ. খতিয়ান: ৩২, ২৫৩<br>বি.এস. খতিয়ান: ১২৩২, ৬৬২, ১২২৯, ৬৫৮ নামজারি খতিয়ান: ১১০৮<br>হোল্ডিং নম্বর: ১৭৬২ | এস.এ. দাগ: ৪৩২, ৪৩১, ৪১৮, ৪১৯, ৪১৬, ৪৩৩, ৪৩৮, ৭০৪<br>বি.এস. দাগ: ৮১৭, ৮১৮, ৮২৪, ৪৬৩, ৪৬৭ | ৩.১৯ একর |

**চৌহদ্দি:**

(ক) পূর্বে: আম বাগান;

(খ) পশ্চিমে: আমবাগান;

(গ) উত্তরে: খালি জমি;

(ঘ) দক্ষিণে: নদী।

নং **৪৮/২০২৬/কাস্টমস/৪৯৬**।—কাস্টমস আইন, ২০২৩-এর ধারা-১০ এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড, জনস্বার্থে নীলফামারী জেলার জলঢাকা উপজেলার ১১ নং কৈমারী ইউনিয়নের গাবরোল মৌজার অন্তর্গত নিম্নবর্ণিত তফসিলভুক্ত এলাকাকে এতদ্বারা কাস্টমস ওয়্যারহাউসিং স্টেশন হিসেবে ঘোষণা করছে, যথা :

| ক্র. নং | মৌজা | জে. এল. নং | খতিয়ান নং | দাগ নং | জমির পরিমাণ |
|---|---|---|---|---|---|
| ১ | গাবরোল | ৭৩ | এস. এ. খতিয়ান: ১৪৩৭, ১৪৩৫, ১৪৩৬, ৩৪৪, ৩৮৬, ৩২৬, ১০৮৪, ৩৪৭, ৩৪৮, ৪৭৪<br>বি.এস. খতিয়ান: ৩০৬, ৩০৭<br>নামজারি খতিয়ান: ১৮৫০<br>হোল্ডিং নম্বর: ২২৮৪ | এস.এ. দাগ: ৪২৬৪, ৪২৬৫, ৪১৩৮, ৪২৭৭, ৪২৭৮,৪২৫৭, ৪১৩২, ৪১৩৭<br>বি.এস. দাগ: ৫৫১৩, ৫৫০১, ৫৫০২ | ১.৪৮ একর |

**চৌহদ্দি:**

(ক) পূর্বে: কৃষি জমি;

(খ) পশ্চিমে: পাকা রাস্তা ও কৃষি জমি;

(গ) উত্তরে: খালি জমি;

(ঘ) দক্ষিণে: খালি জমি ।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**সুরাইয়া সুলতানা**
দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**আইন ও বিচার বিভাগ**

**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

তারিখ: ০৯ ভাদ্র ১৪৩৩/২৪ আগস্ট ২০২৬

বিষয় : **শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার ০৯ নং কুড়িকাহনিয়া ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ কামরুজ্জামান এর নামীয় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

নং **১০.০০.০০০০.১৩১.১১.০৭৬.৮০-১৪০**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, শেরপুর জেলার শ্রীবরদী উপজেলার ০৯ নং কুড়িকাহনিয়া ইউনিয়নের নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ কামরুজ্জামান অভিযোগকারীর সাথে মোঃ লিখন মিয়ার প্রথম বিবাহ বিদ্যমান থাকার তথ্য জেনেও সালিসী পরিষদের লিখিত পূর্বানুমতির প্রত্যয়নপত্র পরীক্ষা ছাড়াই দ্বিতীয় বিবাহ নিবন্ধন করে মুসলিম পারিবারিক আইন অধ্যাদেশ, ১৯৬১ এর ধারা ৬(১) এর বিধান লঙ্ঘন করার বিষয়টি তদন্তে প্রমাণিত হওয়ায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১(১) অনুযায়ী অসদাচরণের শামিল হওয়ায় এবং এ প্রসঙ্গে বিধি ১১(২) অনুযায়ী তাঁকে কারণ দর্শানোর জন্য পত্র প্রেরণ করা হলেও তিনি কারণ দর্শানোর কোনো জবাব দাখিল না করায় মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১(৪) অনুযায়ী তাঁর নামীয় গত ০৯-০৫-২০১২ খ্রি. তারিখের বিচার ৭/২ এন ৭৬/৮০-৩৬১ নং স্মারকযুক্ত নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

(খ) একইসাথে অধিক্ষেত্রটি শূন্য ঘোষণাপূর্বক শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন কোনো অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ কামরুজ্জামান এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, শেরপুর-কে নির্দেশ প্রদান করা হলো। বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এ বর্ণিত ৬ বিধি অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার/সাব-রেজিস্ট্রারকে অবহিত করা হলো।

তারিখ: ১০ ভাদ্র ১৪৩৩/২৫ আগস্ট ২০২৬

বিষয় : **শেরপুর জেলার ঝিনাইগাতী উপজেলার ০৪ নং গৌরিপুর ইউনিয়নে তৎকালীন জেলা রেজিস্ট্রার, শেরপুর কর্তৃক জনাব মোঃ আতিকুর রহমান-কে অস্থায়ী নিকাহ রেজিস্ট্রার হিসাবে প্রদত্ত নিয়োগ পত্র বাতিলসহ জেলা রেজিস্ট্রার কৃষিবিদ জনাব মোঃ নূর নেওয়াজ এর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যে পত্র প্রেরণ প্রসঙ্গে।**

নং **১০.০০.০০০০.১৩১.১১.০১০.৯৯-১৪১**—উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ অনুযায়ী কোনো শূন্য অধিক্ষেত্রে স্থায়ী বা অস্থায়ীভাবে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের একচ্ছত্র ক্ষমতা সরকারের। এরূপ নিয়োগ আবশ্যিকভাবে সরকারের পক্ষে আইন ও বিচার বিভাগ কর্তৃক অনুমোদিত হতে হবে। এছাড়া, বর্ণিত বিধিমালার বিধি ৬ মোতাবেক প্রার্থী বাছাই এবং স্থায়ী লাইসেন্স মঞ্জুরের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিকাহ রেজিস্ট্রারের পুত্র-কে বিধি ৮ মোতাবেক অন্যান্য যোগ্যতা থাকা সাপেক্ষে অগ্রাধিকার প্রদানের বিধান রয়েছে যা অস্থায়ী নিকাহ রেজিস্ট্রার নিয়োগের ক্ষেত্রে প্রযোজ্য নয়। তৎকালীন জেলা রেজিস্ট্রার, শেরপুর জনাব নূর নেওয়াজ গত ১৩-০৫-২০২৪ খ্রি. তারিখের ১০.০৫.৮৯০০.০০৩.১১.০০১.২৪.১৬৭(৫) নং স্মারকমূলে জনাব মোঃ আতিকুর রহমান-কে ০৪ নং গৌরিপুর ইউনিয়নের অস্থায়ী নিকাহ রেজিস্ট্রার হিসেবে নিয়োগ প্রদান করে সম্পূর্ণ বিধি বহির্ভূত কাজ করেছেন। ফলে, এরূপ এখতিয়ার বহির্ভূতভাবে ইস্যুকৃত পত্রটি সৃষ্টি থেকে অকার্যকর (still-born) ও আইনগতভাবে অস্তিত্বহীন (*non est*) বিধায় বর্ণিত পত্রটি বাতিলপূর্বক জনাব মোঃ আতিকুর রহমান এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য এবং উক্ত ০৪ নং গৌরিপুর ইউনিয়নের শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন (সন্নিকটবর্তী) কোনো অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য জেলা রেজিস্ট্রার, শেরপুর-কে নির্দেশ প্রদান করা হলো।

পাশাপাশি, উক্ত অধিক্ষেত্রে উপযুক্ত আদালতের কোনোরূপ নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা/স্থগিতাদেশ না থাকলে নিকাহ রেজিস্ট্রার নিয়োগের নিমিত্ত মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ৬ মোতাবেক পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য জেলা রেজিস্ট্রার, শেরপুর/সার-রেজিস্ট্রার, ঝিনাইগাতী, শেরপুর-কে অবহিত করা হলো।

(খ) একইসাথে, তৎকালীন জেলা রেজিস্ট্রার, শেরপুর কৃষিবিদ জনাব মোঃ নূর নেওয়াজ (বর্তমান জেলা রেজিস্ট্রার, ভোলা) কোনো আইনগত কর্তৃত্ব না থাকা সত্ত্বেও সম্পূর্ণ বিধি বহির্ভূতভাবে অস্থায়ী নিকাহ রেজিস্ট্রার নিয়োগ প্রদান করায় এবং জেলা রেজিস্ট্রারের প্রশাসনিক নিয়ন্ত্রণ অত্র শাখার এখতিয়ারাধীন না হওয়ায় তাঁর বিরুদ্ধে চাকুরি বিধিমালা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট কাগজাদির ছায়ালিপিসহ বিচার শাখা-৬ বরাবর পত্র প্রেরণ করা হলো।

বিষয় : **ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৪৫ নং ওয়ার্ডের নিকাহ্ রেজিস্ট্রার জনাব মোঃ মামুনুর রশিদ এর নামীয় নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল প্রসঙ্গে।**

নং **১০.০০.০০০০.১৩১.১১.৯৬.৬৯(১)-১৪৩**—ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের ৪৫ নং ওয়ার্ডের নিকাহ্ রেজিস্ট্রার জনাব মোঃ মামুনুর রশিদ তাঁর কারণ দর্শানো লিখিত জবাবে স্বীকৃতমতে তিনি রমনা থানার মামলা নং-০৯, তারিখ-১৪-০৯-২০২৫ খ্রি., ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর ৬ (২) (ক) (ঈ) এর প্রেক্ষিতে গত ২৯-০৯-২০২৫ খ্রি. তারিখ হতে হাজতবাস করায় এবং তৎপরবর্তীতে ক্রমান্বয়ে শাহাবাগ থানার একটি জি.আর মামলাসহ গুলশান থানার দুটি জি.আর মামলায় shown arrest হয়ে অদ্যবধি হাজতবাসে আছেন মর্মে লিখিত জবাবে স্বীকার করায় এবং তা মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এর বিধি ১১ অনুযায়ী অসদাচরণ হওয়ায় নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ মামুনুর রশিদ এর নামীয় গত ০৮-১১-২০০৩ খ্রি. তারিখের বিচার ৭/২ এন ৯৬/৬৯ (অংশ-১)-১৫৩৫ নং স্মারকযুক্ত নিকাহ্ রেজিস্ট্রার লাইসেন্স বাতিল করা হলো।

(খ) একইসাথে, অধিক্ষেত্রটি শূন্য ঘোষণাপূর্বক শূন্য অধিক্ষেত্রে অনধিক ১২০ (একশত বিশ) দিনের জন্য সংলগ্ন (সন্নিকটবর্তী) কোনো অধিক্ষেত্রের নিকাহ রেজিস্ট্রারকে বিধি মোতাবেক নিকাহ রেজিস্ট্রারের অতিরিক্ত দায়িত্ব প্রদানের জন্য এবং সাবেক নিকাহ রেজিস্ট্রার জনাব মোঃ মামুনুর রশিদ এর নিকট হতে বালাম বহিসহ নিকাহ রেজিস্ট্রি, সংক্রান্ত যাবতীয় কাগজাদি সংগ্রহ করার জন্য জেলা রেজিস্ট্রার, ঢাকা-কে নির্দেশ প্রদান করা হলো। বিবাহ ও তালাক (নিবন্ধন) বিধিমালা, ২০০৯ এ বর্ণিত ৬ বিধি অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট জেলা রেজিস্ট্রার/সাব-রেজিস্ট্রারকে অবহিত করা হলো।

**মোঃ আবদুল ওয়াহাব**
সিনিয়র সহকারী সচিব।

---

**দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়**
**দুর্যোগ ব্যবস্থাপনা-১ অধিশাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩/২৭ আগস্ট ২০২৬

নং **৫১.০০.০০০০.৩২২.০৬.০০৬.১৬ (অংশ-১).১৯৭**—গত ২৯ জুলাই ২০২৬ খ্রি. তারিখ মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে মন্ত্রিপরিষদ বিভাগে ভূমিকম্প ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক এক সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠিত সভায় মাননীয় প্রধানমন্ত্রী ভূমিকম্প ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে কতিপয় নির্দেশনা প্রদান করেন এবং একটি জাতীয় টাস্কফোর্স গঠন করার বিষয়ে সানুগ্রহ সম্মতি প্রকাশ করেন। তৎপ্রেক্ষিতে নগর দুর্যোগ ঝুঁকিহ্রাসের অংশ হিসেবে ভূমিকম্প ঝুঁকি ব্যবস্থাপনায় প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদানের নিমিত্ত নিম্নরূপভাবে ভূমিকম্পের ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ক জাতীয় টাস্কফোর্স গঠন করা হলো:

**চেয়ারম্যান**

০১ মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**সদস্যবৃন্দ**

০২ মাননীয় মন্ত্রী, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

০৩ মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়

০৪ মাননীয় মন্ত্রী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়

০৫ মাননীয় মন্ত্রী, বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়

০৬ মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

০৭ মাননীয় মন্ত্রী, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

০৮ মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়

০৯ মাননীয় প্রতিমন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

১০ মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ

১১ প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ

১২ বিভাগীয় প্রধান, পুরকৌশল বিভাগ, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

১৩ বিভাগীয় প্রধান, ভূতত্ত্ব বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা

১৪ সিভিল সোসাইটি এর প্রতিনিধি

**সদস্য-সচিব**

১৫ সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

**জাতীয় টাস্কফোর্সের সভা:**

(ক) টাস্কফোর্সের সভা সভাপতি কর্তৃক নির্ধারিত স্থানে ও সময়ে অনুষ্ঠিত হবে;

(খ) বছরে অন্তত দুই বার সভা অনুষ্ঠিত হবে, তবে প্রয়োজন হলে জাতীয় টাস্কফোর্স যেকোনো সময় সভা আহ্বান করতে পারবে;

(গ) কমিটি প্রয়োজনে এ বিষয়ে সংশ্লিষ্ট যেকোনো ব্যক্তিকে এর সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে। অথবা এর সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে।

**জাতীয় টাস্কফোর্সের দায়িত্ব ও কার্যাবলি:**

(ক) ভূমিকম্প ঝুঁকি ব্যবস্থাপনায় প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ নাসির উদ্দিন**
উপসচিব (দুব্য-১)।

---

**নৌপরিবহন মন্ত্রণালয়**
**নৌশিক্ষা ও প্রশিক্ষণ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৯ ভাদ্র ১৪৩৩/২৪ আগস্ট ২০২৬

নং **১৮.০০.০০০০.০১৭.০৬.০১১.২৬-৮২৩**—নৌপরিবহন মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রামের ইতোপূর্বে গঠিত গভর্নিং বডি নিম্নোক্ত সদস্য সমন্বয়ে পুনর্গঠন করা হলো:

(ক) **কমিটির গঠন:**

**সভাপতি**

(১) সিনিয়র সচিব/সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়

**সদস্যবৃন্দ**

(২) অতিরিক্ত সচিব(প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয়

(৩) যুগ্মসচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

(৪) মহাপরিচালক/মনোনীত প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়), নৌপরিবহন অধিদপ্তর

(৫) চেয়ারম্যান/মনোনীত প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

(৬) ব্যবস্থাপনা পরিচালক/মনোনীত প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিম্নে নয়), বাংলাদেশ শিপিং কর্পোরেশন

(৭) অধ্যাপক, চট্টগ্রাম প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (উপাচার্যের প্রতিনিধি)

(৮) বাংলাদেশ মেরিটাইম বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক পদমর্যাদার একজন প্রতিনিধি

(৯) অধ্যক্ষ, ন্যাশনাল মেরিটাইম ইনস্টিটিউট, চট্টগ্রাম

(১০) সভাপতি/মনোনীত প্রতিনিধি, বাংলাদেশ সমুদ্রগামী জাহাজ মালিক সমিতি

(১১) সভাপতি/মনোনীত প্রতিনিধি, বাংলাদেশ শিপ ম্যানিং এজেন্ট এসোসিয়েশন

(১২) সভাপতি/মনোনীত প্রতিনিধি, বাংলাদেশ মেরিন একাডেমি এলামনাই এ্যাসোসিয়েশন

**সদস্য-সচিব**

(১৩) কমান্ড্যান্ট, বাংলাদেশ মেরিন একাডেমি, চট্টগ্রাম

(খ) **কমিটির কার্যপরিধি :**

(১) মেরিন একাডেমিকে একটি উৎকর্ষ মন্ডিত প্রতিষ্ঠান হিসাবে রূপান্তরের লক্ষ্যে দিক নির্দেশনা প্রদান।

(২) একাডেমির আর্থিক বিষয়সমূহ পর্যালোচনা।

(৩) প্রশিক্ষণের মান এবং প্রশিক্ষণার্থীদের সার্বিক মূল্যায়ন।

(৪) প্রশিক্ষণের কার্যকারিতা মূল্যায়ন।

(গ) সভাপতিসহ ০৪ (চার) জন সমুদয় উপস্থিত থাকলে সভার কোরাম হবে।

(ঘ) সভাপতির অনুপস্থিতিতে অতিরিক্ত সচিব (প্রশাসন), নৌপরিবহন মন্ত্রণালয় সভার সভাপতিত্ব করবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ আতাহার মিয়া**
উপসচিব।

---

**প্রশাসন-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১২ ভাদ্র ১৪৩৩/২৭ আগস্ট ২০২৬

নং **১৮.০০.০০০০.০১৬.২৭.০০৩.১৮.৯৩৬**—যেহেতু, ড. এস. এম. নাজমুল হক, চিফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার (চ.দা.) (সাময়িক বরখাস্তকৃত), নৌপরিবহন অধিদপ্তর-কে নিজ পদে কর্মরত থাকা অবস্থায় ঘুষের টাকাসহ ১২-০৪-২০১৮ খ্রি: তারিখ দুর্নীতি দমন কমিশন (দুদক) কর্তৃক গ্রেফতার করা হয় এবং তাঁর বিরুদ্ধে দুদক কর্তৃক জিআর ২৭/২০১৮ নং মামলা দায়ের করা হয় এবং তৎপ্রেক্ষিতে বাংলাদেশ সার্ভিস রুলস এর বিধি ৭৩ এর নোট-২ অনুযায়ী ১৫-০৪-২০১৮ খ্রি: তারিখের ১৮.০০.০০০০.০১৬.২৭. ০০৩.১৮-৪৮১ নং স্মারক মোতাবেক গ্রেফতারের তারিখ হতে তাঁকে চাকরি হতে সাময়িক বরখাস্ত করা হয়; এবং

২। যেহেতু, এ পরিপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা ড. এস. এম. নাজমুল হক, চিফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার (চ. দা.) (সাময়িক বরখাস্তকৃত), নৌপরিবহন অধিদপ্তর-এর বিরুদ্ধে ০২/২০১৮ নং বিভাগীয় মামলা রুজু করা হয় এবং অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে দুর্নীতি ও অসদাচরণের অপরাধে অভিযুক্ত করে অভিযোগনামা গঠন করা হয় এবং অভিযোগনামা ও অভিযোগ বিবরণী ১৬-০৫-২০১৮ খ্রি. তারিখের ১৮.০০.০০০০.০১৬.২৭.০০৩.১৮-৬৭৩ নং স্মারকে তাঁর নিকট প্রেরণ করা হয় এবং তাঁকে কেন উপযুক্ত শাস্তি প্রদান করা হবে না তার কারণ দর্শানোর জন্য এবং তিনি ব্যক্তিগত শুনানি গ্রহণে ইচ্ছুক কি না তা জানানোর জন্য অনুরোধ করা হয়; এবং

৩। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ১৩-০১-২০১৯ তারিখে জবাব দাখিল করেন এবং এ পরিপ্রেক্ষিতে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। তাঁর দাখিলকৃত জবাব ও ব্যক্তিগত শুনানি সন্তোষজনক বিবেচিত না হওয়ায় ৩১-১-২০১৯ খ্রি: তারিখের ১৮.০০.০০০০. ০১৬.২৭.০০৩.১৮-১৯৫ নং স্মারকে অভিযোগ তদন্তের জন্য তিন সদস্য-বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয় এবং পরবর্তীতে ২৬-০১-২০২৩ খ্রিঃ তারিখের ১৮.০০.০০০০.০১৬.২৭.০০৩.১৮-৩৩ নং স্মারকে অভিযোগ তদন্তের জন্য তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৪। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা ০২-০১-২০২৫ খ্রি: তারিখে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

৫। যেহেতু ফৌজদারি মামলা বিচারাধীন থাকায় বিভাগীয় মামলাটি নিষ্পত্তি করা যায়নি; এবং

৬। যেহেতু, দুর্নীতি প্রতিরোধ আইন, ১৯৪৭ এর ৫(২) ধারা অনুযায়ী আনীত দুর্নীতির অভিযোগ প্রমাণিত হওয়ায় বিজ্ঞ স্পেশাল জজ আদালত-১০, ঢাকা কর্তৃক বিশেষ মামলা নম্বর ০১/২০২৪ এর ২৫-১১-২০২৪ খ্রিঃ তারিখের আদেশে অভিযুক্ত কর্মকর্তা ড. এস. এম. নাজমুল হক চিফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার (চ. দা.) (সাময়িক বরখাস্তকৃত)-কে ০৭ (সাত) বছরের সশ্রম কারাদণ্ড এবং ১০,০০০/- (দশ হাজার) টাকা জরিমানা করা হয়, অনাদায়ে আরও ০১ (এক) মাসের সশ্রম কারাদণ্ডে দণ্ডিত করা হয়; এবং

৭। যেহেতু, ড. এস. এম. নাজমুল হক, চিফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার (চ. দা.) (সাময়িক বরখাস্তকৃত), নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা বিজ্ঞ বিশেষ জজ আদালত-১০, ঢাকা কর্তৃক প্রদত্ত দণ্ডাদেশের বিরুদ্ধে মহামান্য হাইকোর্ট বিভাগে ক্রিমিনাল আপিল নং-৯৯৪১/২০২৪ মামলা দায়ের করেন; এবং

৮। যেহেতু, মহামান্য হাইকোর্ট বিভাগের ক্রিমিনাল আপিল নং ৯৯৪১/২০২৪ এর শুনানি অন্তে মাহামান্য হাইকোর্ট কর্তৃক ২৭-০১-২০২৬ খ্রিঃ তারিখের আদেশে অভিযুক্ত কর্মকর্তার দণ্ডের মেয়াদ ৭ (সাত) বছরের কারাদণ্ডের আদেশকে কমিয়ে ৩ (তিন) বছরের কারাদণ্ডের আদেশ প্রদান করা হয়; এবং

৯। যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪২ (১) ধারা অনুযায়ী, "কোনো সরকারি কর্মচারী ফৌজদারি মামলায় আদালত কর্তৃক মৃত্যুদণ্ড বা ১ (এক) বৎসর মেয়াদের অধিক মেয়াদের কারাদণ্ডে দণ্ডিত হইলে, উক্ত দণ্ড আরোপের রায় বা আদেশ প্রদানের তারিখ থেকে চাকরি হইতে তাৎক্ষণিকভাবে বরখাস্ত হইবেন"; এবং

১০। যেহেতু, উপর্যুক্ত কারণে ড. এস. এম. নাজমুল হক, চিফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার (চ. দা.) (সাময়িক বরখাস্ত), নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা-কে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪২ (১) ধারা অনুযায়ী অবিলম্বে চাকরি থেকে বরখাস্ত করা যুক্তিযুক্ত ও অপরিহার্য;

১১। যেহেতু, সরকারি চাকরি আইন, ২০১৮ এর ৪২ (১) ধারা অনুযায়ী ড. এস. এম. নাজমুল হক, চিফ ইঞ্জিনিয়ার এন্ড শিপ সার্ভেয়ার (চ. দা.) (সাময়িক বরখাস্তকৃত), নৌপরিবহন অধিদপ্তর, ঢাকা-কে চাকরি থেকে বরখাস্ত করা হলো।

১২। এ আদেশ বিজ্ঞ স্পেশাল আদালত-১০, ঢাকা কর্তৃক বিশেষ মামলা নম্বর ০১/২০২৪ এর রায় ঘোষণার তারিখ ২৫-১১-২০২৪ খ্রি. থেকে কার্যকর হবে।

১৩। বর্ণিত কর্মকর্তার ১২-০৪-২০১৮ খ্রিঃ থেকে ২৪-১১-২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত সাময়িক বরখাস্তকাল অসাধারণ ছুটি হিসেবে গণ্য হবে।

**জাকারিয়া**
সচিব।

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**কারা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ ভাদ্র ১৪৩৩/২৩ আগস্ট ২০২৬

নং **৪৪.০০.০০০০.০০০.১৭৩.৯৭.০০০২.২৬-৩১৫**—স্বরাষ্ট্র মন্ত্রণালয় গত ২০ জুলাই ২০২৬ তারিখের ৪৪.০০.০০০০.০০০.১৭৩.৯৭.০০০২.২৬-২৭৫ সংখ্যক প্রজ্ঞাপনমূলে কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার, গাজীপুর হতে গত ১৬ জুলাই ২০২৬ তারিখ সন্ধ্যা আনুমানিক ০৭:৫০ টায় বন্দি পলায়নের ঘটনায় জনাব শিরিন আক্তার (বিজে-০২৮৩০৮০০৪২৯), কাশিমপুর মহিলা কেন্দ্রীয় কারাগার, গাজীপুরকে সাময়িক বরখাস্ত করা হয়। তার বিরুদ্ধে চলমান বিভাগীয় ব্যবস্থায় দণ্ডাদেশ মেনে নেওয়ার শর্তে সাময়িক বরখাস্তের আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো. আমিনুল ইসলাম**
উপসচিব।

**সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়**
**সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ**
**বিআরটিএ সংস্থাপন শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/২৩ আগস্ট ২০২৬ খ্রিষ্টাব্দ

**নং ৩৫.০০.০০০০.০২০.০৪.০১৭.১৩-৪৭৮**—অর্থ বিভাগের ২৩-০৮-২০২৬ তারিখের ০৭.০০.০০০০.০০০.১৪৩.৯৯.০০০৩.২২.৬৪ সংখ্যক স্মারকে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে জরিমানা ব্যতীত মূল কর ও ফি জমা প্রদানপূর্বক সকল প্রকার মোটরযানের কাগজপত্র (ফিটনেস, ট্যাক্স-টোকেন ও রুট পারমিট) এবং ড্রাইভিং লাইসেন্স হালনাগাদ করার সময়সীমা আগামী ২৯-১০-২০২৬ তারিখ পর্যন্ত শেষবারের মত বৃদ্ধি করা হলো।

২। ইহা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ জসিম উদ্দিন**
সহকারী সচিব।

**শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়**
**মজুরী বোর্ড শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ: ১৫ ভাদ্র, ১৪৩৩/৩০ আগস্ট, ২০২৬

নং **৪০.০০.০০০০.০১৬.৪২.০০১.২৬-৮৮**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৩৮ (৩) (ক) এর উপধারা এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এ নির্ধারিত কার্যাবলি সম্পাদনের উদ্দেশ্য, "পেপার ও বোর্ড প্রস্তুতকারক" শিল্প সেক্টরের মালিক পক্ষের প্রতিনিধিত্ব করিবার জন্য জনাব সাখাওয়াত হোসেন (জাতীয় পরিচয় পত্র নং-৭৩১৮০৫৩৩২৪, মোবাইল নম্বর: ০১৭৩০৭৩৫১৩৮, সহকারী মহাব্যবস্থাপক (মানব সম্পদ ও প্রশাসন), পারটেক্স পেপার মিলস লিঃ। স্থায়ী ঠিকানা: ৫৪৬, জাহানারা ভিলা, ৫নং ওয়ার্ড বসুরহাট পৌরসভা, কোম্পানিগঞ্জ, নোয়াখালী, বর্তমান ঠিকানা: ৩২/ই মায়াকানন, বাসাবো, সবুজবাগ, ঢাকা কে এতদ্বারা নিম্নতম মজুরী বোর্ড এর মালিকপক্ষের প্রতিনিধি হিসেবে মনোনয়ন প্রদান করিল।

নং **৪০.০০.০০০০.০১৬.৪২.০০১.২৬-৯০**—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ (২০০৬ সনের ৪২ নং আইন) এর ধারা ১৩৮ (৩) (ক) এর উপধারা এর প্রদত্ত ক্ষমতাবলে সরকার, উক্ত আইনের ধারা ১৩৯ এ নির্ধারিত কার্যাবলি সম্পাদনের উদ্দেশ্যে, "পেপার ও বোর্ড প্রস্তুতকারক" শিল্প সেক্টরের শ্রমিকপক্ষের প্রতিনিধিত্ব করিবার জন্য জনাব মোহাম্মদ বদরুল আলম সবুজ (জাতীয় পরিচয় পত্র নং-২৩৯৪১২৯৪৩৭, মোবাইল নম্বর: ০১৭৯২-৫০১৭৩২, সদস্য সচিব, ঢাকা দক্ষিণ মহানগর শ্রমিক দল। স্থায়ী ঠিকানা: বাড়ি/হোল্ডিং নং: ১২৯, শান্তিনগর সি-১, গ্রাম/রাস্তা: ২২৯, শান্তিনগর, সি-১ ডাকঘর: শান্তিনগর-১২১৭, থানা: পল্টন, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা কে এতদ্বারা নিম্নতম মজুরী বোর্ড এর শ্রমিকপক্ষের প্রতিনিধি হিসেবে মনোনয়ন প্রদান করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: মাহবুবুর রহমান**
উপসচিব।

**মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়**
**প্রাণিসম্পদ-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৪ ভাদ্র ১৪৩৩/১৯ আগস্ট ২০২৬

নং **৩৩.০০.০০০০.১১৭.৯৯.০০৬.২৫-৫৬৭**—বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তার অনুকূলে ক্যাডার সার্ভিস পদে তার যোগদানের পূর্বের চাকরিকাল বাংলাদেশ সার্ভিস রুলস (১ম খণ্ড) এর বিধি ৪২(২) এবং ৩০০(বি) অনুযায়ী মোট পেনশনযোগ্য চাকরিকাল গণনা ও বেতন নির্ধারণের লক্ষ্যে নিম্নোক্ত শর্তে পূর্বতন ধারাবাহিকতা রক্ষা ও বেতন সংরক্ষণ করা হল :

| ক্র. নং | কর্মকর্তার নাম, পদবি, ও কর্মস্থল | পূর্বের পদবি ও কর্মস্থল | চাকরিকাল |
|---|---|---|---|
| ০১ | জনাব মোহাম্মদ রকিব পোল্ট্রি ডেভেলপমেন্ট অফিসার সরকারি মুরগি প্রজনন ও উন্নয়ন খামার, সিলেট। | ইন্সট্রাক্টর (টেক/ পোল্টি রিয়ারিং এন্ড ফার্মিং) শেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, নবীনগর, শেরপুর। | ১৬-০৪-২০২৪ খ্রি. থেকে ০৮-০২-২০২৬ খ্রি. পর্যন্ত। |

**শর্তসমূহ:**

(ক) পূর্বপদের চাকরিকাল পেনশনের জন্য গণনার ক্ষেত্রে অসাধারণ ছুটি থাকলে উক্ত অসাধারণ ছুটিকালীন সময় গণনা করা যাবে না;

(খ) বর্তমান পদে পূর্ব পদের চাকরিকাল জ্যেষ্ঠতার জন্য গণনা করা যাবে না;

(গ) এ ক্ষেত্রে প্রচলিত বিধি-বিধান অনুসরণ করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**পঙ্কজ বড়ুয়া**
উপসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ: ০৮ ভাদ্র ১৪৩৩/২৩ আগস্ট ২০২৬

নং **৩৩.০০.০০০০.১১৭.০৪.০০১.২৫-৫৭৫**—যেহেতু, বিসিএস (পশুসম্পদ) ক্যাডারের কর্মকর্তা ডাঃ মো শাহিনুর ইসলাম (গ্রেডেশন নম্বর-১৮৬৯), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সালথা, ফরিদপুর এর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৩৯(১) এর বিধান অনুযায়ী এবং সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী বিভাগীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে; এবং

২। যেহেতু, সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ১২(১) অনুযায়ী কর্তৃপক্ষ তাঁকে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা প্রয়োজন ও সমীচীন মনে করেন;

৩। সেহেতু, উক্ত বিধিমালার বিধি ১২(১) ডাঃ মো শাহিনুর ইসলাম (গ্রেডেশন নম্বর-১৮৬৯), উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, সালথা, ফরিদপুর-কে চাকরি থেকে সাময়িকভাবে বরখাস্ত করা হলো। সাময়িক বরখাস্তকালে তিনি বিধি অনুযায়ী খোরপোষ ভাতা প্রাপ্য হবেন।

৪। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ দেলোয়ার হোসেন**
সচিব।

**কৃষি মন্ত্রণালয়**
**সার ব্যবস্থাপনা ও মনিটরিং অধিশাখা**

**পরিপত্র**

তারিখ: ১০ ভাদ্র, ১৪৩৩/১৫ আগস্ট, ২০২৬

বিষয়: **রাসায়নিক সার বিতরণ ব্যবস্থাপনায় নিয়োজিত খুচরা বিক্রেতাদের কার্যক্রম অব্যাহত রাখা।**

নং **১২.০০.০০০০.০৩১.৪০.০০১.২৫-৮৪**—পরবর্তী নির্দেশনা না দেয়া পর্যন্ত খুচরা বিক্রেতাগণ অনুমোদিত মূল ডিলারদের নিকট হতে সার ক্রয় করে সরকার নির্ধারিত মূল্যে কৃষকদের নিকট বিক্রয় কার্যক্রম অব্যাহত রাখবে।

**ড. মুহাম্মদ জাহাঙ্গীর আলম**
যুগ্মসচিব।

---

**শিক্ষা মন্ত্রণালয়**
**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**বেসরকারি কলেজ-৬ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ ভাদ্র ১৪৩৩/২৫ আগস্ট ২০২৬

নং **৩৭.০০.০০০০.০৭০.৩৮.৫৭.২০২৬-৩৭৫**—'সরকারিকৃত কলেজ শিক্ষক ও কর্মচারী আত্তীকরণ বিধিমালা-২০১৮'-এর আলোকে বগুড়া জেলার গাবতলী উপজেলাধীন "শহীদ জিয়া ডিগ্রি কলেজ" ২৫ আগস্ট ২০২৬/১০ ভাদ্র ১৪৩৩ হতে সরকারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনজুরুল আলম**
সিনিয়র সহকারী সচিব।

---

**ভূমি মন্ত্রণালয়**
**জরিপ-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২২ ভাদ্র ১৪৩৩/০৬ সেপ্টেম্বর ২০২৬

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০৭৮.২৪.২২১**—রাষ্ট্রীয় অধিগ্রহণ ও প্রজাস্বত্ব আইন, ১৮৭৫ (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং প্রজাস্বত্ব বিধিমালা, ১৯৫০ (১৯৫১ সনের ২৮ নম্বর আইন) এর ধারা ১৪৪ এর (১) নম্বর উপধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক নিম্নবর্ণিত মৌজার ডিজিটাল পদ্ধতিতে নতুন জরিপ আরম্ভকরণের প্রশাসনিক অনুমোদন জ্ঞাপন করা হলো :

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে.এল নম্বর | উপজেলার নাম | জেলার নাম | এরিয়া (একর) |
|---|---|---|---|---|---|
| ০১ | দত্তপাড়া | ১৯৭ | গাজীপুর সদর | গাজীপুর | ৯৭৫.৫৭ |

তারিখ : ২৩ ভাদ্র ১৪৩৩/০৭ সেপ্টেম্বর ২০২৬

নং **৩১.০০.০০০০.০০০.০৪৯.৩৩.০০৭৮.২৪.২৩৩—The Survey Act, 1875** (১৮৭৫ সনের ৫ম আইন) এর ৩ ধারা এবং The State Acquisition And Tenancy Act, 1950 (১৯৫১ সনের ২৮ নম্বর আইন) এর ১৪৪ ধারার ১ নম্বর উপ-ধারায় বর্ণিত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঢাকা জোনের আওতাধীন ১(এক) টি মৌজার ডিজিটাল পদ্ধতিতে জরিপ আরম্ভ করার প্রশাসনিক অনুমোদন করা হলো :

| ক্রমিক নম্বর | মৌজার নাম | জে.এল নম্বর | উপজেলার নাম | জেলার নাম | এরিয়া (একর) |
|---|---|---|---|---|---|
| ০১ | মারিয়ালী | ৪২ | গাজীপুর সদর | গাজীপুর | ৩৭২.৩১ |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ ইব্রাহীম মিয়াজী**
সহকারী সচিব।

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**জেলা পরিষদ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ০১ চৈত্র ১৪৩২/১৫ মার্চ ২০২৬

নং **৪৬.০৪২.০৩৩.০৩.০০.১৪৭.১১.৪১১**—'জেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪'-এর ধারা ৩ দ্বারা জেলা পরিষদ আইন, ২০০০-এ সন্নিবেশিত ধারা ৮২ক(১) মোতাবেক নিম্নবর্ণিত ব্যক্তিগণকে পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত তাদের নামের পার্শ্বে উল্লিখিত জেলা পরিষদের পূর্ণকালীন প্রশাসক হিসেবে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রম | নাম ও ঠিকানা | জেলা পরিষদ |
|---|---|---|
| ১. | জনাব মোহাম্মদ তৌহিদুল ইসলাম<br>পিতা- তাজিম উদ্দীন আহাম্মদ<br>মাতা- মোছাঃ ওছিমা খাতুন<br>ঠিকানা- মসজিদ পাড়া,<br>ওয়ার্ড নং-০২, পঞ্চগড় সদর (৫০০০),<br>পঞ্চগড়। | জেলা পরিষদ,<br>পঞ্চগড় |
| ২. | জনাব মোঃ মোফাজ্জল হোসেন দুলাল<br>পিতা- মোশাররফ হোসেন<br>মাতা- জোবেদা খাতুন<br>ঠিকানা- গ্রাম: যোগীবাড়ী,<br>ডাকঘর: চেরাডাংগী, দিনাজপুর সদর,<br>দিনাজপুর। | জেলা পরিষদ,<br>দিনাজপুর |
| ৩. | জনাব মোঃ সাইফুল ইসলাম<br>পিতা- মোঃ আজিজার রহমান মন্ডল<br>মাতা- মোছাঃ নফিছা খাতুন<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: কোচারপাড়া,<br>ডাকঘর: কাদিরাবাদ (৫৪৭০),<br>পীরগঞ্জ, রংপুর। | জেলা পরিষদ,<br>রংপুর |
| ৪. | জনাব মোঃ সোহেল হোসনাইন কায়কোবাদ<br>পিতা- আব্দুল কুদ্দুস খান<br>মাতা- মোছাঃ সখিনা খাতুন<br>ঠিকানা- হাটির পাড়, কুড়িগ্রাম (৫৬০০),<br>কুড়িগ্রাম সদর,<br>কুড়িগ্রাম পৌরসভা, কুড়িগ্রাম। | জেলা পরিষদ,<br>কুড়িগ্রাম |
| ৫. | অধ্যাপক ডাঃ সৈয়দ মইনুল হাসান সাদিক<br>পিতা- সৈয়দ মুকবুলার রহমান<br>মাতা- সাজেদা রহমান<br>ঠিকানা- কাজীবাড়ী, সন্তোলা,<br>সাদুল্লাপুর (৫৭১০), গাইবান্ধা। | জেলা পরিষদ,<br>গাইবান্ধা |
| ৬. | জনাব মোঃ মাসুদ রানা প্রধান<br>পিতা- মোঃ মোজাহার আলী প্রধান<br>মাতা- রওশন আরা বেগম<br>ঠিকানা- গ্রাম: জানিয়ার বাগান,<br>ডাকঘর: জয়পুরহাট (৫৯০০),<br>জয়পুরহাট সদর, জয়পুরহাট পৌরসভা,<br>জয়পুরহাট। | জেলা পরিষদ,<br>জয়পুরহাট |
| ৭. | এ.কে.এম. আহসানুল তৈয়ব জাকির<br>পিতা- এ. কে.এম জালাল উদ্দিন আকন্দ<br>মাতা- মোছাঃ সুরাইয়া বেগম<br>ঠিকানা- হোল্ডিং- ৪০৪, সোনাতলা নতুন বন্দর, ডাকঘর: সোনাতলা (৫৮২৬),<br>সোনাতলা, সোনাতলা পৌরসভা, বগুড়া। | জেলা পরিষদ,<br>বগুড়া |
| ৮. | জনাব মোঃ হারুনুর রশীদ<br>পিতা- আব্দুস সামাদ মিয়া<br>মাতা- সেলিনা বেগম<br>ঠিকানা- গ্রাম: চক আলেমপুর,<br>রামচন্দ্রপুর (৬৩০২), চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ। | জেলা পরিষদ,<br>চাঁপাইনবাবগঞ্জ |
| ৯. | জনাব মোঃ আবু বক্কর সিদ্দিক<br>পিতা- আফছার আলী খান<br>মাতা- রওশন আরা বেওয়া<br>ঠিকানা- গ্রাম: সরইল, ডাকঘর:<br>শিকারপুর (৬৫০০), নওগাঁ সদর, নওগাঁ। | জেলা পরিষদ,<br>নওগাঁ |
| ১০. | জনাব মোঃ এরশাদ আলী<br>পিতা- আঃ রহমান শাহ্<br>মাতা- আশরাফোন নেসা<br>ঠিকানা- হোল্ডিং: ৯৪,<br>মৌজা/মহল্লা: রানীনগর,<br>ডাকঘর: ঘোড়ামারা (৬১০০), বোয়ালিয়া,<br>রাজশাহী সিটি কর্পোরেশন, রাজশাহী। | জেলা পরিষদ,<br>রাজশাহী |
| ১১. | জনাব মোঃ রহিম নেওয়াজ<br>পিতা- পাঁচু প্রাং<br>মাতা- মোছাঃ পরিজান<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: আমহাটী শিবপুর,<br>ডাকঘর: ছাতনী (৬৪০৩),<br>নাটোর সদর, নাটোর। | জেলা পরিষদ,<br>নাটোর |
| ১২. | জনাব মোঃ জাভেদ মাসুদ<br>পিতা- মোঃ আদিয়াতুল ইসলাম<br>মাতা- খানম আলতাফুন্নেছা<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: ষোলটাকা,<br>ডাকঘর: জুগীরগোফা (৭১১০),<br>গাংনী, মেহেরপুর। | জেলা পরিষদ,<br>মেহেরপুর |
| ১৩. | জনাব সোহরাব উদ্দিন<br>পিতা- হাজী মোহাম্মদ আলী বিশ্বাস<br>মাতা- মোছাঃ আছিয়া খাতুন<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: পশ্চিম মজমপুর,<br>২২ দাদাপুর সড়ক, মজমপুর,<br>ডাকঘর: কুষ্টিয়া-৭০০০, কুষ্টিয়া সদর,<br>কুষ্টিয়া পৌরসভা, কুষ্টিয়া। | জেলা পরিষদ,<br>কুষ্টিয়া |
| ১৪. | জনাব মোঃ আব্দুল মজিদ<br>পিতা- মোঃ ইন্তাজ আলী বিশ্বাস<br>মাতা- জবেদা খাতুন<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: কন্যাদহ-৭৩১০,<br>হরিনাকুন্ডু, ঝিনাইদহ। | জেলা পরিষদ,<br>ঝিনাইদহ |

| ক্রম | নাম ও ঠিকানা | জেলা পরিষদ |
|---|---|---|
| ১৫. | জনাব দেলোয়ার হোসেন খান খোকন<br>পিতা- খান গোলাম মোস্তাফা<br>মাতা- রওশন আরা খাতুন<br>ঠিকানা- বাসা/হোল্ডিং: ১৫৫৯, গ্রাম/রাস্তা: শাহ আঃ করিম সড়ক, খড়কী, ডাকঘর: যশোহর সদর (৭৪০০), যশোর সদর, যশোর পৌরসভা, যশোর। | জেলা পরিষদ, যশোর |
| ১৬. | জনাব আলী আহম্মেদ<br>পিতা- আব্দুল কুদ্দুস বিশ্বাস<br>মাতা- আমেনা খাতুন<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: পাকা কাঞ্চন পুর, ডাকঘর: হাজরাপুর, মাগুরা সদর, মাগুরা। | জেলা পরিষদ, মাগুরা |
| ১৭. | শেখ মোহাম্মদ জাকির হোসেন<br>পিতা- শেখ আবুল কাশেম আহম্মদ<br>মাতা- রোকেয়া বেগম<br>ঠিকানা- বাসা/হোল্ডিং: ১২৯/১, গ্রাম/রাস্তা: সোনাতলা রোড, ডাকঘর: বাগেরহাট সদর (৯৩০০), বাগেরহাট সদর, বাগেরহাট পৌরসভা, বাগেরহাট। | জেলা পরিষদ, বাগেরহাট |
| ১৮. | এস এম মনিরুল হাসান (বাপ্পী)<br>পিতা- এস এম মহিউদ্দিন<br>মাতা- খালেদা পারভীন<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: বাঁধাল, ডাকঘর: মৈশাঘুনী-৯২৪২, রূপসা, খুলনা | জেলা পরিষদ, খুলনা |
| ১৯. | জনাব স্নেহাংশু সরকার<br>পিতা- শৈলেশ চন্দ্র সরকার<br>মাতা- সুশিলা সরকার<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: আদালত পাড়া, ডাকঘর: পটুয়াখালী, পটুয়াখালী সদর, পটুয়াখালী পৌরসভা, পটুয়াখালী। | জেলা পরিষদ, পটুয়াখালী |
| ২০. | জনাব গোলাম নবী আলমগীর<br>পিতা- আলতাজুর রহমান<br>মাতা- মাসুমা খানম<br>ঠিকানা- হোল্ডিং: ৫৬৯, সদর ভোলা, মহাজন পট্টি, ভোলা সদর (৮৩০০), ভোলা। | জেলা পরিষদ, ভোলা |
| ২১. | আকন কুদ্দুসুর রহমান<br>পিতা- আবুল কাশেম আকন<br>মাতা- মোসাঃ কুলসুম কাশেম<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: মেদাকুল, ডাকঘর: মেদাকুল (৮২৩১), গৌরনদী, বরিশাল। | জেলা পরিষদ, বরিশাল |
| ২২. | জনাব মোঃ শাহাদাৎ হোসেন<br>পিতা- মোঃ সামসুদ্দীন হাওলাদার<br>মাতা- মোসাঃ জাহান আরা বেগম<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: বনমাইল, ডাকঘর: অভয়নীল (৮৪২০), নলছিটি, ঝালকাঠী। | জেলা পরিষদ, ঝালকাঠী |

| ক্রম | নাম ও ঠিকানা | জেলা পরিষদ |
|---|---|---|
| ২৩. | জনাব আলমগীর হোসেন<br>পিতা- আবদুস ছোবহান<br>মাতা- হাসমত আরা বেগম<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: পূর্ব শিকারপুর, ডাকঘর: পিরোজপুর (৮৫০০), পিরোজপুর সদর, পিরোজপুর পৌরসভা, পিরোজপুর। | জেলা পরিষদ, পিরোজপুর |
| ২৪. | এস এম ওবায়দুল হক<br>পিতা- মোঃ জহুরুল হক<br>মাতা- মিসেস নাছিমা হক<br>ঠিকানা-হোল্ডিং: ৫৬৫, গ্রাম/রাস্তা: সবুজবাগ, ঘাটাইল, ডাকঘর: ঘাটাইল (১৯৮০), ঘাটাইল, ঘাটাইল পৌরসভা, টাঙ্গাইল। | জেলা পরিষদ, টাঙ্গাইল |
| ২৫. | এ, বি, এম মামুনুর রশিদ<br>পিতা- ছাইফুল ইসলাম কালাম<br>মাতা- হালিমা বেগম<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: খরমপুর, ডাকঘর: শেরপুর-২১০০, শেরপুর সদর, শেরপুর পৌরসভা, শেরপুর। | জেলা পরিষদ, শেরপুর |
| ২৬. | সৈয়দ এমরান সালেহ<br>পিতা- সৈয়দ হারুন সালেহ<br>মাতা- সৈয়দা নুর ই জান্নাত জাহানারা চৌধুরী<br>ঠিকানা- মহল্লা: ধারা মিয়া বাড়ী, গ্রাম/রাস্তা: ধারা-২২৬১, হালুয়াঘাট, ময়মনসিংহ। | জেলা পরিষদ, ময়মনসিংহ |
| ২৭. | জনাব মোঃ নুরুজ্জামান (এড.)<br>পিতা- মোঃ বদিউজ্জামান<br>মাতা- সৈয়দা হাজেরা খাতুন<br>ঠিকানা- হোল্ডিং-৫১৬, গ্রাম/রাস্তা, মোক্তারপাড়া, ডাকঘর: নেত্রকোণা, নেত্রকোণা সদর, নেত্রকোণা পৌরসভা, নেত্রকোণা। | জেলা পরিষদ, নেত্রকোনা |
| ২৮. | জনাব খালেদ সাইফুল্লাহ সোহেল খান<br>পিতা- আলহাজ্ব এ এফ এম খুরশীদুল আলম খান<br>মাতা- আনোয়ারা বেগম<br>ঠিকানা- গাইটাল (শিক্ষক পল্লী), কিশোরগঞ্জ সদর (২৩০০), কিশোরগঞ্জ। | জেলা পরিষদ, কিশোরগঞ্জ |
| ২৯. | এ, কে, এম, ইরাদত<br>পিতা- ইদ্রিস আলী<br>মাতা- হাজেরা বেগম<br>ঠিকানা- পূর্ব দেওভোগ, মাতব্বর বাড়ী, মুন্সীগঞ্জ সদর (১৫০০), মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ। | জেলা পরিষদ, মুন্সীগঞ্জ |
| ৩০. | জনাব মোঃ মামুন মাহমুদ<br>পিতা- মোঃ নাজীর আহমেদ<br>মাতা- মন্জুয়ারা আহমেদ<br>ঠিকানা- নয়াআটি মুক্তিনগর, সানারপাড়-১৪৩০, নারায়ণগঞ্জ সদর, নারায়ণগঞ্জ। | জেলা পরিষদ, নারায়ণগঞ্জ |

| ক্রম | নাম ও ঠিকানা | জেলা পরিষদ |
|---|---|---|
| ৩১. | জনাব আব্দুস সালাম মিয়া<br>পিতা- হাজী মোঃ সৈয়দ আলী মিয়া<br>মাতা- নুর জাহান বেগম<br>ঠিকানা- হোল্ডিং-১১৮, গ্রাম/রাস্তা: ২নং বেড়াভাঙ্গা, সজ্জনকান্দা, ডাকঘর: রাজবাড়ী-৭৭০০, রাজবাড়ী সদর, রাজবাড়ী পৌরসভা, রাজবাড়ী। | জেলা পরিষদ, রাজবাড়ী |
| ৩২. | জনাব শরীফ রফিকউজ্জামান<br>পিতা- শরীফ আব্দুল লতীফ<br>মাতা- সৈয়দা আয়শা বেগম<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: গোপীনাথপুর, ডাকঘর: মেরী গোপীনাথপুর-৮১০০, গোপালগঞ্জ সদর, গোপালগঞ্জ। | জেলা পরিষদ, গোপালগঞ্জ |
| ৩৩. | খোন্দকার মাশুকুর রহমান<br>পিতা- খোন্দকার আবদুর রাজ্জাক<br>মাতা- শরিফুন নেছা<br>ঠিকানা- হোল্ডিং-৭৯, কাশিমপুর, কালকিনি (৭৯২০), মাদারীপুর। | জেলা পরিষদ, মাদারীপুর |
| ৩৪. | সরদার এ, কে, এম নাসির উদ্দীন<br>পিতা- হোসেন আলী সরদার<br>মাতা- আজিজুন নেছা<br>ঠিকানা- হোল্ডিং-২৭৬, ধানুকা-৮০০০, শরিয়তপুর সদর, শরিয়তপুর। | জেলা পরিষদ, শরিয়তপুর |
| ৩৫. | জনাব মোঃ মিজানুর রহমান চৌধুরী<br>পিতা- আজিজুর রহমান চৌধুরী<br>মাতা- মোছাঃ আনোয়ারা বেগম চৌধুরী<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: হায়দরপুর, ডাকঘর: হায়দরপুর-৩০৬০, ছাতক, সুনামগঞ্জ। | জেলা পরিষদ, সুনামগঞ্জ |
| ৩৬. | জনাব আবুল কাহের চৌধুরী<br>পিতা- মুহিবুর রহমান চৌধুরী<br>মাতা- সামছুন নাহার চৌধুরী<br>ঠিকানা- বাজালহুদা, সাদিমাপুর-৩১৭৫, বিয়ানী বাজার, সিলেট। | জেলা পরিষদ, সিলেট |
| ৩৭. | জনাব মিজানুর রহমান<br>পিতা- সিতার মিয়া<br>মাতা- মায়া বেগম<br>ঠিকানা- বাজরাকোনা, মঈনপুর, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার। | জেলা পরিষদ, মৌলভীবাজার |
| ৩৮. | জনাব সিরাজুল ইসলাম<br>পিতা- আব্দুস সামাদ<br>মাতা- জোহরা বেগম<br>ঠিকানা- বাসা/হোল্ডিং: ১১১, গ্রাম/রাস্তা: পাওয়ার হাউজ রোড, শিমরাইলকান্দি, ডাকঘর: ব্রাহ্মণবাড়িয়া-৩৪০০, ব্রাহ্মণবাড়িয়া সদর, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা, ব্রাহ্মণবাড়িয়া। | জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া |
| ৩৯. | জনাব মোঃ মোস্তাক মিয়া<br>পিতা- মোঃ শামছুল হক<br>মাতা- মোসাম্মদ গোলবাহার বিবি<br>ঠিকানা- বাসা/হোল্ডিং: ২৭৫ নতুন, গ্রাম/রাস্তা: বাগিচাগাঁও, ডাকঘর: কুমিল্লা প্রধান ৩৫০০, কুমিল্লা আদর্শ সদর, কুমিল্লা পৌরসভা, কুমিল্লা। | জেলা পরিষদ, কুমিল্লা |
| ৪০. | জনাব মোঃ হারুনুর রশিদ আজাদ<br>পিতা- ছায়েদুল হক<br>মাতা- করফুলের নেছা<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: হাজী কাজীমুদ্দিন রোড, লক্ষীনারায়ণপুর, ডাকঘর: নোয়াখালী-৩৮০০, নোয়াখালী পৌরসভা, নোয়াখালী। | জেলা পরিষদ, নোয়াখালী |
| ৪১. | জনাব সাহাব উদ্দিন<br>পিতা- হারিছ মিয়া<br>মাতা- মমতাজ বেগম<br>ঠিকানা-হোল্ডিং-হারিছ মিয়া চেয়ারম্যান বাড়ি, গ্রাম/রাস্তা: বাঞ্চানগর, ডাকঘর: লক্ষীপুর-৩৭০০, লক্ষীপুর পৌরসভা, লক্ষীপুর। | জেলা পরিষদ, লক্ষীপুর |
| ৪২. | এ টি এম নুরুল বশর চৌধুরী<br>পিতা- হাবিবুর রহমান চৌধুরী<br>মাতা- হাজেরা খাতুন<br>ঠিকানা- বাসা/হোল্ডিং: নুরূল বশর চেয়ারম্যানের বাড়ি, গ্রাম/রাস্তা: আলী আকবর ডেইল, ডাকঘর: কুতুবদিয়া-৪৭২০, কুতুবদিয়া, কক্সবাজার। | জেলা পরিষদ, কক্সবাজার |

২। নিয়োগকৃত প্রশাসকগণ 'জেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪'-এর ধারা ৩ দ্বারা জেলা পরিষদ আইন, ২০০০-এ সন্নিবেশিত ধারা ৮২ক(৩) অনুযায়ী জেলা পরিষদের চেয়ারম্যানের ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন। তারা বিধি মোতাবেক ভাতা প্রাপ্য হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১৭ চৈত্র ১৪৩২/৩১ মার্চ ২০২৬

**নং ৪৬.০৪২.০৩৩.০৩.০০.১৪৭.১১.৪৯০**—'জেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪'-এর ধারা ৩ দ্বারা জেলা পরিষদ আইন, ২০০০-এ সন্নিবেশিত ধারা ৮২ক(১) মোতাবেক নিম্নবর্ণিত ব্যক্তিগণকে পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত তাদের নামের পার্শ্বে উল্লিখিত জেলা পরিষদের পূর্ণকালীন প্রশাসক হিসেবে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রম | নাম ও ঠিকানা | জেলা পরিষদ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ মিজানুর রহমান চৌধুরী<br>পিতা- মৃত মতিউর রহমান চৌধুরী<br>মাতা- বেগম খাদিজা খাতুন<br>ঠিকানা-বাড়ী নং: ৬১, টাউন মৌজা (উকিল পাড়া), ডাকঘর: নীলফামারী-৫৩০০, নীলফামারী সদর, নীলফামারী পৌরসভা, নীলফামারী। | জেলা পরিষদ, নীলফামারী |

| ক্রম | নাম ও ঠিকানা | জেলা পরিষদ |
|---|---|---|
| ২. | এ কে এম মমিনুল হক<br>পিতা- এ কে এম এনামুল হক<br>মাতা- মোছাঃ মাহমুরা বেগম<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: খোর্দ্দ সাপটানা, ক্ষুরদা সাপতানা, ডাকঘর: লালমনিরহাট সদর-৫৫০০, লালমনিরহাট সদর, লালমনিরহাট পৌরসভা, লালমনিরহাট। | জেলা পরিষদ, লালমনিরহাট |
| ৩. | জনাব মোহাম্মাদ জহুরুল ইসলাম<br>পিতা- মমতাজ উদ্দিন<br>মাতা- আয়েশা বেগম<br>ঠিকানা- বাসা/হোল্ডিং: ০৩৬৩-০০০, গ্রাম/রাস্তা: দিলালপুর, ডাকঘর: পাবনা-৬৬০০, পাবনা সদর, পাবনা পৌরসভা, পাবনা। | জেলা পরিষদ, পাবনা |
| ৪. | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান আলেক<br>পিতা- মৃত হাজী মোজাম মোল্যা<br>মাতা- মৃত শুকুরন নেসা<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: কুড়িগ্রাম, ডাকঘর: রতনগঞ্জ-৭৫০১, নড়াইল পৌরসভা, নড়াইল সদর, নড়াইল। | জেলা পরিষদ, নড়াইল |
| ৫. | জনাব মোঃ নজরুল ইসলাম মোল্লা<br>পিতা- মোঃ বেলায়েত হোসেন মোল্লা<br>মাতা- নুরুননাহার বেগম<br>ঠিকানা- বাসা/হোল্ডিং: মোল্লা বাড়ি, গ্রাম/রাস্তা: কাঠালতলী, ডাকঘর: ডারভাংগা-৮৭০০, বরগুনা সদর, বরগুনা। | জেলা পরিষদ, বরগুনা |
| ৬. | জনাব মোঃ সিরাজুল হক<br>পিতা- মোঃ নাজমুল হক<br>মাতা- রাবেয়া খাতুন<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: মিয়াপাড়া, ডাকঘর: জামালপুর-২০০০, জামালপুর সদর, জামালপুর পৌরসভা, জামালপুর। | জেলা পরিষদ, জামালপুর |
| ৭. | জনাব মোঃ ইয়াছিন ফেরদৌস মোরাদ<br>পিতা- মির্জা মোঃ ইয়ার হোসেন<br>মাতা- আলেয়া বেগম<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: কালামপুর, ছোট কালামপুর, ডাকঘর: কালামপুর-১৩৫১, ধামরাই, ঢাকা। | জেলা পরিষদ, ঢাকা |
| ৮. | চৌধুরী ইশরাক আহমদ সিদ্দিকী<br>পিতা- চৌধুরী তানবীর আহম্মদ সিদ্দিকী<br>মাতা- খুতশীদ আজিম সিদ্দিকী<br>ঠিকানা- বাসা/হোল্ডিং: জমিদার বাড়ী, গ্রাম/রাস্তা: বলিয়াদী, ডাকঘর: বলিয়াদী, কালিয়াকৈর, গাজীপুর। | জেলা পরিষদ, গাজীপুর |
| ৯. | জনাব জামিলুর রশিদ খান<br>পিতা- আব্দুর রশিদ খান<br>মাতা- জেবুন নেছা বেগম<br>ঠিকানা- বাসা/হোল্ডিং: ০১, গ্রাম/রাস্তা: হাইস্কুল রোড, পশ্চিম দাশড়া, ডাকঘর: মানিকগঞ্জ-১৮০০, মানিকগঞ্জ সদর, মানিকগঞ্জ পৌরসভা, মানিকগঞ্জ। | জেলা পরিষদ, মানিকগঞ্জ |
| ১০. | জনাব তোফাজ্জল হোসেন<br>পিতা- আনোয়ার আলী (মৃত)<br>মাতা- জমিলা আক্তার খাতুন<br>ঠিকানা- বাসা/হোল্ডিং: তোফাজ্জল চেয়ারম্যানের বাড়ী, গ্রাম/রাস্তা: শিবপুর, ডাকঘর: শিবপুর-১৬২০, শিবপুর, নরসিংদী। | জেলা পরিষদ, নরসিংদী |
| ১১. | জনাব মোঃ আফজাল হোসেন খান পলাশ<br>পিতা- মোঃ আমজাদ হোসেন<br>মাতা- বেগম আমেনা খাতুন<br>ঠিকানা- বাসা/হোল্ডিং: ১৭০, গ্রাম/রাস্তা: রকিব উদ্দিন সড়ক, ২নং হাবেলী গোপালপুর, ফরিদপুর সদর, ডাকঘর: ফরিদপুর-৭৮০০, ফরিদপুর সদর, ফরিদপুর পৌরসভা, ফরিদপুর। | জেলা পরিষদ, ফরিদপুর |
| ১২. | জনাব আহমেদ আলী<br>পিতা- আব্দুছ সহিদ<br>মাতা- আমেনা বেগম<br>ঠিকানা- বাসা/হোল্ডিং: গ্রাম/রাস্তা: যশকেশরী, ডাকঘর: শিবপালা-৩৩৬০, আজমিরিগঞ্জ, হবিগঞ্জ। | জেলা পরিষদ, হবিগঞ্জ |
| ১৩. | এ কে এম সলিম উল্যা সেলিম<br>পিতা- আবদুল জলিল পাটওয়ারী<br>মাতা- আমেনা বেগম<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: শহীদ মুক্তিযোদ্ধা সড়ক, ডাকঘর: চাঁদপুর-৩৬০০, চাঁদপুর সদর, চাঁদপুর পৌরসভা, চাঁদপুর। | জেলা পরিষদ, চাঁদপুর |
| ১৪. | অধ্যাপক এম এ খালেক<br>পিতা- আবদুর রউপ<br>মাতা- বেগম নুর জাহান<br>ঠিকানা- বাসা/হোল্ডিং: এম, এ, খালেক প্রফেসর বাড়ী, গ্রাম/রাস্তা: দঃ লক্ষ্মীপুর-১০০নং লক্ষ্মীপুর, ডাকঘর: লঙ্করহাট-৩৯০৩, ফেনী সদর, ফেনী। | জেলা পরিষদ, ফেনী |

২। নিয়োগকৃত প্রশাসকগণ 'জেলা পরিষদ (সংশোধন) অধ্যাদেশ, ২০২৪'-এর ধারা ৩ দ্বারা জেলা পরিষদ আইন, ২০০০-এ সন্নিবেশিত ধারা ৮২ক(৩) অনুযায়ী জেলা পরিষদের চেয়ারম্যানের ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন। তারা বিধি মোতাবেক ভাতা প্রাপ্য হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ২১ জ্যৈষ্ঠ ১৪৩৩/০৪ জুন ২০২৬

নং **৪৬.০৪২.০৩৩.০৩.০০.১৪৭.১১.১১২২**—'জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০২৬'-এর ধারা ৩ দ্বারা জেলা পরিষদ আইন, ২০০০-এ সন্নিবেশিত ধারা ৮২ক(১) মোতাবেক নিম্নবর্ণিত ব্যক্তিগণকে জেলা পরিষদ গঠিত না হওয়া পর্যন্ত অথবা পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত সময়ের জন্য তাদের নামের পার্শ্বে উল্লিখিত জেলা পরিষদের পূর্ণকালীন প্রশাসক হিসেবে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রম | নাম ও ঠিকানা | জেলা পরিষদ |
|---|---|---|
| ১. | জনাব মোঃ সাইফুল ইসলাম<br>পিতা- মোঃ নিজাম উদ্দিন<br>মাতা- মিসেস সাহিদা বানু<br>ঠিকানা- লাহরি মোহনপুর, উল্লাপাড়া মডেল, লাহরি মোহনপুর-৬৭৬২, সিরাজগঞ্জ। | জেলা পরিষদ, সিরাজগঞ্জ |
| ২. | জনাব মোঃ শরীফুজ্জামান<br>পিতা-মোঃ শামসুজ্জোহা<br>মাতা- সাহিদা বানু<br>ঠিকানা- বাসা/হোল্ডিং: ০৬০৯-০০,<br>গ্রাম/রাস্তা: মুক্তি পাড়া,<br>ডাকঘর: চুয়াডাঙ্গা সদর-৭২০০,<br>চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গা। | জেলা পরিষদ, চুয়াডাঙ্গা |
| ৩. | জনাব মোঃ হাবিবুল ইসলাম হাবিব<br>পিতা- এস, এম, আব্দুল লতিফ খান<br>মাতা- বেগম রোকেয়া খাতুন<br>ঠিকানা- গ্রাম/রাস্তা: তুলশিডাঙ্গা পূর্ব,<br>ডাকঘর: তুলশিডাঙ্গা পূর্ব, কলারোয়া, সাতক্ষীরা। | জেলা পরিষদ, সাতক্ষীরা |

২। নিয়োগকৃত প্রশাসকগণ জেলা পরিষদ (সংশোধন) আইন, ২০২৬-এর ধারা ৩ দ্বারা জেলা পরিষদ আইন, ২০০০-এ সন্নিবেশিত ধারা ৮২ক(৩) অনুযায়ী জেলা পরিষদের চেয়ারম্যানের ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন। তারা বিধি-বিধান মোতাবেক ভাতা প্রাপ্য হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খোন্দকার ফরহাদ আহমদ**
উপসচিব।

---

**প্রজ্ঞাপন**

তারিখ : ৪ শ্রাবণ ১৪৩৩/১৯ জুলাই ২০২৬

নং **৪৬.০৪২.০৩৩.০৩.০০.১৪৭.১১.১৫৬৫**—জেলা পরিষদ আইন, ২০০০-এর ধারা ৮২ক(১) মোতাবেক নিম্নবর্ণিত ব্যক্তিকে জেলা পরিষদ গঠিত না হওয়া পর্যন্ত অথবা পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত সময়ের জন্য তার নামের পার্শ্বে উল্লিখিত জেলা পরিষদের পূর্ণকালীন প্রশাসক হিসেবে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রম | নাম ও ঠিকানা | জেলা পরিষদ |
|---|---|---|
| ১. | জনাব মোহাম্মদ মাহবুবের রহমান<br>পিতা-মোঃ জয়নাল আবেদিন<br>মাতা-আকতারা বেগম<br>ঠিকানা-বাসা/হোল্ডিং: আব্দুর রহমান বিল্ডিং, গ্রাম/রাস্তা: ১৫৭ নং মাঝির ঘাট, ডাকঘর: জি. পি. ও- ৪০০০, ডবলমুরিং, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম। | জেলা পরিষদ, চট্টগ্রাম |

২। নিয়োগকৃত প্রশাসক জেলা পরিষদ আইন, ২০০০-এর ধারা ৮২ক(৩) অনুযায়ী জেলা পরিষদের চেয়ারম্যানের ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন। তিনি বিধি-বিধান মোতাবেক ভাতা প্রাপ্য হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**খোন্দকার ফরহাদ আহমদ**
যুগ্মসচিব।

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৩ ভাদ্র ১৪৩৩/৭ সেপ্টেম্বর ২০২৬

নং **৪৬.০৪২.০৩৩.০৩.০০.১৪৭.১১.২০৩১**—জেলা পরিষদ আইন, ২০০০-এর ধারা ৮২ক(১) মোতাবেক নিম্নবর্ণিত ব্যক্তিকে জেলা পরিষদ গঠিত না হওয়া পর্যন্ত অথবা পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত সময়ের জন্য তার নামের পার্শ্বে উল্লিখিত জেলা পরিষদের প্রশাসক হিসেবে নিয়োগ প্রদান করা হলো :

| ক্রম | নাম ও ঠিকানা | জেলা পরিষদ |
|---|---|---|
| ১. | জনাব এম এ মজিদ<br>পিতা- জমির উদ্দিন<br>মাতা- সালেমা খাতুন<br>ঠিকানা- গ্রাম: মসজিদ পাড়া,<br>ওয়ার্ড নং-০২, পঞ্চগড় পৌরসভা,<br>পঞ্চগড়। | জেলা পরিষদ, পঞ্চগড় |

২। নিয়োগকৃত প্রশাসক জেলা পরিষদ আইন, ২০০০-এর ধারা ৮২ক(৩) অনুযায়ী জেলা পরিষদের চেয়ারম্যানের ক্ষমতা প্রয়োগ ও দায়িত্ব পালন করবেন। তিনি বিধিবিধান মোতাবেক ভাতা প্রাপ্য হবেন।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**তাহমিনা আক্তার**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**বহিরাগমন-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৯ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ/০৩ সেপ্টেম্বর ২০২৬ খ্রিস্টাব্দ

নং ৪৪.০০.০০০০.০০০.১৩৫.৯৯.০০০৩.২৫.৭৫৮—ভিসা নীতিমালা-২০০৬ এর পরিবর্তে ভিসা প্রদান প্রক্রিয়া যুগোপযোগী এবং সহজীকরণের লক্ষ্যে ১০ আগস্ট ২০২৬ তারিখে অনুষ্ঠিত মন্ত্রিসভা-বৈঠকে খসড়া **‘Visa Policy-2026’** অনুমোদিত হয়েছে। অনুমোদিত **‘Visa Policy-2026’** মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর থেকে বই আকারে প্রকাশ করা হয়েছে। উক্ত অনুমোদিত **‘Visa Policy-2026’** অবিলম্বে কার্যকর হবে। পূর্বের ভিসা নীতিমালা-২০০৬ এতদ্বারা বাতিল করা হলো।

২। জনস্বার্থে এই আদেশ জারি করা হলো এবং তা অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**কাজী আরিফুর রহমান**
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)।